

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৩/২০২৪

জে,

তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নং-১-২ আসনে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সোমবার নির্বাচনি এলাকা সংশ্লিষ্ট সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে সাধারণ ছুটি ঘোষণা।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ/২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-১০ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নং-১-২ আসনে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সোমবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় (পত্নীতলা উপজেলা ও ধামরহাট উপজেলা) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। এমতাবস্থায়, দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নং-১-২ আসনে নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত (পত্নীতলা উপজেলা ও ধামরহাট উপজেলা) সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনাল ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সোমবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

স্বাক্ষরিত
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোন: ০২২২৩৩৮২৭৮৫
E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-১২৩৫ (৬)

জে,

তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, নওগাঁ।
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১ ও ২।
- ৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
- ৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ৮। অফিস কপি।

Rahaman
০৭.০২.২৪
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২